

যুগান্তর

প্রিন্ট: ২৩ নভেম্বর ২০২৫, ০২:৪৬ পিএম

শিক্ষাজ্ঞন

নতুন নিয়মে স্কুলে ভর্তি, আবেদন করবেন যেভাবে



যুগান্তর ডেক্স

প্রকাশ: ২০ নভেম্বর ২০২৫, ০৯:৪৮ পিএম



ফাইল ছবি

সরকারি-বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে প্রথম থেকে নবম শ্রেণিতে ভর্তির আবেদন শুরু হচ্ছে আগামীকাল শুক্রবার (২০ নভেম্বর)। এদিন বেলা ১১টা থেকে অনলাইনে আবেদন করা যাবে। এ প্রক্রিয়া চলবে আগামী ৫ ডিসেম্বর বিকেল ৫টা পর্যন্ত। এবার প্রতিটি আবেদনের জন্য ১০০ টাকা ফি নির্ধারণ করা হয়েছে।

আবেদনের নতুন নিয়ম

এবার স্কুলে ভর্তির ক্ষেত্রে অনলাইন আবেদনপ্রক্রিয়ায় বেশকিছু পরিবর্তন আনা হয়েছে। আবেদন করতে শিক্ষার্থী বা অভিভাবককে gsa.teletalk.com.bd-এ ওয়েবসাইটে প্রবেশ করতে হবে।

এরপর আবেদনপত্র পূরণ ও টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বর থেকে এসএমএসের মাধ্যমে আবেদন ফি পরিশোধ করে ভর্তির আবেদনের কার্যক্রম সম্পন্ন করতে হবে।

আবেদনপত্রের নির্দেশনামতে প্রার্থী তার সব তথ্য পূরণ করবেন। যে সব প্রার্থী বিভিন্ন কোটায় আবেদন করবেন, তাদের প্রযোজ্য কোটার বক্সে অবশ্যই টিক চিহ্ন দিতে হবে। অন্যথায় কোটা বিবেচনা করা সম্ভব হবে না।

অনলাইনে আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ পিক্সেল) স্ক্যান করে JPEG ফরমেটে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে।

আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID-সহ Applicant's copy পাবেন।

ফি পরিশোধের নিয়ম

Applicant's কপিতে প্রাপ্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী যেকোনো টেলিটক প্রিপেইড মোবাইল নম্বর থেকে দুটি SMS করে আবেদন ফি বাবদ প্রতিটি Application এর জন্য ১০০ টাকা জমা দিতে হবে।

প্রথম SMS: GSACUser ID (Web Application হতে প্রাপ্ত) লিখে Send করতে হবে 16222 নম্বরে উদাহরণ: GSAAABCDEF লিখে Send করতে হবে 16222 নম্বরে।

ফিরতি SMS: এবার শিক্ষার্থীর নামসহ একটি PIN নম্বর পাওয়া যাবে। যা ব্যবহার করে দ্বিতীয় SMS-টি করতে হবে।

ভর্তির আবেদনের বিস্তারিত নিয়ম দেখতে এখানে ক্লিক করুন।